প্রশাসন বিভাগ
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

বিষয়: দুর্নীতি বিরোধী প্রচারণার অংশ হিসেবে দুর্নীতি বিরোধী স্লোগান/উক্তি সম্বলিত লিফলেট এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোডকরণ ও প্রতিটি বিভাগ, শাখায় প্রদর্শন প্রসঙ্গে।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিনামার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অংশের অনুচ্ছেদ ৩.৪-এ দুর্নীতি বিরোধী প্রচারণার অংশ হিসেবে দুর্নীতি বিরোধী কতিপয় উক্তি/স্লোগান সম্বলিত লিফলেট এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোডকরণ ও প্রতিটি বিভাগ, শাখায় প্রদর্শন নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে দুর্নীতি বিরোধী কতিপয় উক্তি/স্লোগান সম্বলিত লিফলেট এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোডপূর্বক প্রতিটি বিভাগ, শাখার সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, দুর্নীতি বিরোধী প্রচারণার অংশ হিসেবে দুর্নীতি বিরোধী কতিপয় উক্তি/স্লোগান সম্বলিত লিফলেট এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোডপুর্বক প্রতিটি বিভাগ, শাখার সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে মডিউল ০৬ (চয়) ফর্দ

২৮/১২/২০২১

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ফোন: ২২৩৩৫০৭৬৪
secy@bffwt.gov.bd

সহকারী প্রোগ্রামার
তথ্য প্রযুক্তি শাখা, প্রশাসন বিভাগ
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

ইউ.ও নোট নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১.২৪৯৬

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। প্রশাসন বিভাগ/নিরীক্ষা শাখা/প্রকৌশল শাখা/আইসিটি সেল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৩। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। অফিস কপি/গার্ড ফাইল

* দুর্নীতির কলঙ্ক মুছে শুরু হোক সুশাসনের অগ্রযাত্রা।

* দুর্নীতি সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠার অন্তরায়।

* দুর্নীতি করব না, দুর্নীতি মানব না।

* দুর্নীতি হলে শেষ, নিজে বাঁচবো, বাঁচবে দেশ।

* দেশের উন্নয়নের জন্য আসুন দুর্নীতিকে না বলি।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

ইনশাল্লাহ সোনার বাংলা আবার জাগবে, যদি শোষণহীন সমাজ গড়তে পারি, তবে আপনাদের সাহায্য-সহযোগিতা প্রয়োজন। আপনাদের কাছে আমার আরেকটা অনুরোধ হলো, দুর্নীতি ও ঘুষের বিরুদ্ধে আপনারা আন্দোলন করতে রাজি আছেন কিনা? দুর্নীতি আর ঘুষ, রাজি আছেন? হ্যাঁ, খোদা হাফেজ-জয়বাংলা।'

-১৯৭২ সালের ৫ এপ্রিল ময়মনসিংহ সার্কিট হাউজের জনসভায় বঙ্গবন্ধু

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

'...এত রক্ত দেওয়ার পরে যে স্বাধীনতা এনেছি, চরিত্রের পরিবর্তন অনেকের হয় নাই।' এখনো ঘুষখোর, দুর্নীতিবাজ, চোরা কারবারি, মুনাফাখোরী বাংলার দুঃখী মানুষের জীবনকে অতিষ্ঠ করে দিয়েছে। দীর্ঘ তিন বছর পর্যন্ত আমি এদের অনুরোধ করেছি, আবেদন করেছি, হুমকি দিয়েছি, চোরা নাহি শোনে ধর্মের কাহিনি। কিন্তু আর না।'

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
১৯৭৫ সালের ১১ জানুয়ারি কুমিল্লা সেনানিবাসে মিলিটারি একাডেমির পাসিং আউট প্যারেডে
প্রধান অতিথির ভাষণে

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট



'এই বাংলার মাটি থেকে এই দুর্নীতিবাজ, এই ঘুষখোর, এই মুনাফাখোরী এই চোরাচালানকারীদের নির্মূল করতে হবে। আমিও প্রতিজ্ঞা নিয়েছি, তোমরাও প্রতিজ্ঞা নাও, বাংলার জনগণও প্রতিজ্ঞা গ্রহণ করো। আর না, অধৈর্য, সীমা হারিয়ে ফেলেছি। এই জন্য জীবনের যৌবন নষ্ট করি নাই। এই জন্য শহীদরা রক্ত দিয়ে যায় নাই। কয়েকটি চোরাকারবারি, মুনাফাখোর, ঘুষখোর দেশের সম্পদ বাইরে বাইর করে দিয়ে আসে, ...মানুষকে না খাইয়া মারে। উৎখাত করতে হবে বাংলার বুকের থেকে এদের। দেখি কত দূর তারা টিকতে পারে। চোরের শক্তি বেশি না ঈমানদারের শক্তি বেশি, সেটাই আজ প্রমাণ হয়ে যাবে।'

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
১৯৭৫ সালের ১১ জানুয়ারি কুমিল্লা সেনানিবাসে মিলিটারি একাডেমির পাসিং আউট প্যারেডে
প্রধান অতিথির ভাষণে

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

Bangladesh



* রাসুল (সা.) ইরশাদ করেছেন, ‘অবৈধ উপার্জন দ্বারা বর্ধিত দেহ জান্নাতে প্রবেশ করবেনা।’

(মিশকাত, পৃষ্ঠা ২৪৩)

* যে দুর্নীতি করবে, কেয়ামতের দিন দুর্নীতির মাধ্যমে প্রাপ্ত সম্পদ নিয়ে তাকে উঠতে হবে।

(সুরা আল ইমরান, ১৬১)

* রাসুল (সা.) ইরশাদ করেন, ‘ঘুষদাতা ও গ্রহীতা উভয়ই জাহান্নামি।’

(মু'জামুল আউসাত :২০২৬)

* নিশ্চয়ই যে অন্যায়ভাবে অন্যের সম্পদ আত্মসাৎ করবে, কিয়ামতের দিন তার জন্যে নির্ধারিত রয়েছে জাহান্নাম।

(বুখারী, মিশকাত/৩৯৯৫)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট